দুরভাষ : ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স : ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

## মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা

## কোলকাতা : ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং -  তারিখঃ

# সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ২৩  সময়ঃ বেলা ২ টা
তাং - ২৯।০৫।২০১৭  স্থানঃ পৌরসভা সভা কক্ষ

আলোচ্য বিষয়ঃ

(১) বিগত সভার (২২ নং)কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন সংক্রান্ত।
(২) পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৫) কমার্শিয়াল বিল্ডিং প্ল্যান অনুমোদন বিষয়ক।
(৬) বিবিধ।

উপস্থিতিঃ

* পৌরপ্রধানঃ শ্রী রথীন ঘোষ
* উপ পৌরপ্রধানঃ শ্রী সুদীপ মিত্র

অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ

* শ্রীমতী অন্তরা মজুমদার
* মহঃ নজরুল ইসলাম
* মহঃ জুম্মান আলী
* শ্রীমতী সুতপা ব্যানার্জী
* শ্রী অমিত রায় চৌধুরী
* শ্রী আশীষ মল্লিক
* শ্রী পঙ্কজ কান্তি চন্দ
* শ্রীমতী মীরা দাস
* শ্রী সনৎ বিশ্বাস
* শ্রী অরবিন্দ মিত্র
* শ্রীমতী বর্নালী দাস বিশ্বাস
* শ্রীমতী ষষ্ঠী বৈরাগী
* শ্রী সুশান্ত রায়
* শ্রী কিশোর কুমার রায়
* শ্রীমতী রাধারানী দত্ত
* মহঃ আব্দুল মান্নান
* শ্রী প্রহ্লাদ কুমার দত্ত
* শ্রীমতী আত্রেয়ী গুহ
* শ্রী নিমাই চন্দ্র ঘোষ
* শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত
* শ্রীমতী দীপান্বিতা দত্ত
* শ্রী প্রকাশ রাহা
* শ্রী শ্যামল দাশগুপ্ত

অন্যান্য উপস্থিতিঃ * শ্রী নীরজ কুমার মুখার্জী - নির্বাহী আধিকারিক

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন

জিরো আওয়ারে বিরোধী দলনেতা শ্রী সনৎ বিশ্বাস বলেন পৌরসভার প্রতিটি দপ্তরের কাজের ক্ষেত্রে একটি নির্দিষ্ট সময় ধার্য্য ছিল। বর্তমানে সাধারণ মানুষ উক্ত নির্দিষ্ট সময়ে পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে এবং অযথা হয়রানি হচ্ছে। বিষয়টা দেখে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন Citizen Charter অনুযায়ী কাজ হয়। দপ্তর থেকে নোট সহ CIC দের কাছে File আসলে CIC রা স্বাক্ষর করেন। আজ এই সভার পর দপ্তর আধিকারিকদের নিয়ে সভা আছে। সেখানে আলোচনা করা হবে।তবে নির্দিষ্ট দপ্তর ধরে হয়রানি হচ্ছে এমন Specific অভিযোগ করলে ভালো হতো বলে মনে করেন।

শ্রী অমিত রায় চৌধুরী বলেন তাঁর ওয়ার্ডের উদয়রাজপুরে FR 26 রেশন ডিলারকে অন্যত্র সরানো হবে বলে শোনা যাচ্ছে। এমন হলে ঐ এলাকার মানুষ জনের সমস্যা তৈরী হবে। এমনটা যাতে না হয় সে জন্য পৌরপ্রধানের দৃষ্টি আকর্ষন করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন যদিও বিষয়টা আমাদের নয় তবুও সাধারণ মানুষের কথা ভেবে সংশ্লিষ্ট দপ্তরের সাথে কথা বলবো যাতে অন্যত্র না সরানো হয়।

শ্রীমতী দীপান্বিতা দত্ত বলেন HAU গুলিতে ও জীবনানন্দ ভবনে যে সমস্ত কর্মীরা কাজ করছেন তারা নানারকম অসুবিধায় আছে। সেখানে বিদ্যুৎ , পাখা, টেলিফোনের ব্যবস্থা সঠিকভাবে নেই। এছাড়াও HAU গুলোতে রাতে একজন করে Night Duty করে। এ বিষয়টা ও দেখা দরকার বলে পৌরপ্রধানের দৃষ্টি আকর্ষন করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন HAU গুলোতে পর্যাপ্ত আলো, পাখা নেই এরকম report আমাদের কাছে নেই। তবুও যখন বলছেন তখন দপ্তরগতভাবে পর্যবেক্ষন করে ব্যবস্থা নেওয়া হবে। HAU গুলোতে Night Duty র প্রশ্নে কর্মী বাড়ানোর ব্যাপারে চিন্তাভাবনা করা হবে বলে জানান।

শ্রী আশীষ মল্লিক বলেন ওয়ার্ডে যারা ইলেকট্রিকের কাজ করেন তারা মাসে একবার কাজ করেন। এছাড়াও তারা কি কি সরঞ্জাম লাগবে তা ঠিক করে নিয়ে আসে। আমরা স্বাক্ষর করি। সব সরঞ্জাম সব সময় পাওয়া যায় না। দপ্তরগতভাবে পর্যবেক্ষন করে ইলেকট্রিকের সরঞ্জাম নির্দ্ধারন করার জন্য এবং মাসে অন্তত দুইবার কাজ করানোর জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন Store এ সব সময় সরঞ্জাম থাকে। সুতরাং না পাওয়ার তথ্য আমাদের কাছে নেই। আরো বলেন সরঞ্জাম কি কি লাগবে সে ব্যাপারে আগামীদিনে যাতে দপ্তরগতভাবে ঠিক করা হয় সে ব্যাপারে চিন্তা ভাবনা করা হবে বলে জানান।

শ্রীমতা আত্রেয়ী গুহ বলেন বাড়ী তৈরীর ক্ষেত্রে দলিল না থাকলে বাড়ী দেওয়া হচ্ছে না। দলিলে কোন একজন এবং অন্যান্য লেখা থাকলে বাড়ী তৈরীর অনুমতি দেওয়া হবে কি ?

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন HFA তে নির্দিষ্ট করা আছে ঐ ধরনের দলিল হলে অন্যদের থেকে NOC নিতে হবে। পূর্বে যারা অন্য প্রকল্পে বাড়ী পেয়েছে তারা পাবে না। আপনার প্রস্তাব শুনলাম। আলোচনা করা হবে সংশ্লিষ্ট প্রকল্প আধিকারিকদের সাথে।

শ্রী শ্যামল দাশগুপ্ত বলেন ব্রীজের নীচে রবীন্দ্র, নজরুল, বিবেকানন্দ মুর্ত্তিতে যে FENCING আছে সেগুলোর সংস্কার করে রঙ করা প্রয়োজন। আলোর ব্যবস্থাও করা দরকার বলে জানান।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন ভাল প্রস্তাব। সংস্কার করে রঙ সহ আলো লাগানোর ব্যবস্হা নেওয়া হবে।

শ্রীমতী আত্রেয়ী গুহ বলেন তাঁর ওয়ার্ডে জনৈক বিকাশ দে নামে একজন PACKAGED DRINKING WATER এর ব্যবসা করছে। সংশ্লিষ্ট সকল দপ্তরের অনুমতি নিয়ে করছে কিনা সে ব্যাপারে ইতিপূর্বে আপনাকে জানিয়েছিলাম। কিন্তু কোন উত্তর এখনও পাইনি।

মাননীয় পৌরপ্রধান বলেন SWID র অনুমতির জন্য আমরা NOC দিই। কিন্তু যতক্ষন না SWID অনুমতি দেয় ততক্ষন কাজ শুরু করা যায় না।

শ্রীমতী আত্রেয়ী গুহ বলেন দপ্তর থেকে জানিয়েছে ISI MARK না থাকলে SWID র অনুমতি লাগে না।আরো বলেন যে বাড়ীতে কারখানা আছে সেটিও বেআইনীভাবে করা। সেটাও দেখা দরকার।

পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী প্রকাশ রাহা বলেন দীর্ঘদিনের সমস্যা, আপনার ওয়ার্ডে আরো একটা কারখানা আছে । সেটা নিয়ে তো বললেন না।

শ্রীমতী আত্রেয়ী গুহ বলেন সেটা অনেক আগে থেকে চালু আছে। এটা আমার সময়কালে চালু হয়েছে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন প্রত্যেককে নিয়ম মেনে চলতে হবে।যদি কাগজপত্র সঠিক না থাকে তাহলে ব্যবস্হা নেওয়া হবে।

শ্রীমতী অন্তরা মজুমদার বলেন দীর্ঘদিন পর আধার কার্ডের কাজ শুরু হওয়ার জন্য প্রথমে আপনাকে ধন্যবাদ জানাই। কিন্তু ওয়ার্ডের যারা বয়স্ক, বিছানায় আছেন তাদে আধার কার্ড কি ভাবে হবে ?

মাননীয় কার্য্যনির্বাহী আধিকারিক বলেন সমস্ত ওয়ার্ডে কাজ হয়ে গেলে তাদের সাথে আলোচনা করে ব্যবস্থা নেওয়া হবে।

শ্রীমতী আত্রেয়ী গুহ বলেন তাঁর ওয়ার্ডে মাঠে আলো লাগানোর বিষয়ে ইতিপূর্বে জানিয়েছিলাম। একটা মাঠে হয়েছে।নবজীবন সংঘের মাঠে এখনও হয় নি।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় আলো দপ্তরের CIC সদস্য শ্রী প্রল্হাদ দত্ত মহাশয়কে বিষয়টি দেখতে বলেন।

শ্রীমতী দীপান্বিতা দত্ত বলেন তাঁর ওয়ার্ডে রেললাইনের ধারে যে ড্রেন তৈরী হয়েছে তার উপরে কেহ কেহ দোকান তৈরী করছে। আমি বারন করেছি কারন ড্রেন পরিষ্কার করার সময় ভীষন অসুবিধায় পড়তে হয়। আপনার কাছে বিষয়টা আসলে দেখবেন যাতে ড্রেনের উপর কেউ দোকান তৈরী করতে না পারে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন ভালো উদ্যোগ নিয়েছেন। সকলকেই এরকম উদ্যোগ নেওয়া উচিত।

জিরো আওয়ার সমাপ্ত হলে মাননীয় পৌরপ্রধান গত সভার (২২নং) কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

সভায় উপস্থিত সকল সদস্য কোনপ্রকার আপত্তি না জানানোয় গত সভার (২২নং) কার্য্যবিবরনী অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ

(ক) মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত টেন্ডারগুলি তহবিলসহ অনুমোদিত হলঃ

(i) WBMAD/MM/NIT - 02e/2017 - 18, Sl. No. 1, dt. 11.05.17,
Amount : Rs. 1163833.00, Fund : AMRUT PARK 16 - 17

(ii) MM/Chair/Quotation/ 223/1/2017 - 18, Sl. No. 1, dt. 25.04.17
Amount : Rs. 472000.00,
Fund : 14th FC (G.O. No. 347 (Sanction)/MA/C-10/3S-14/2015 (Pt. - 1), dt. 29.12.16)

(iii) WBMAD/MM/NIT-03e/2017 - 18, Sl. No. 1, dt. 11.05.17

Amount : Rs. 27279254.00

Fund : Dev of Municipal Area (G.O. No.- 48(Sanction)/MA/C-10/3S-6/2017, dt. 24.04.17

(iv) MM/Chair/Quotation/411/2017 - 18, Sl. No. 1, dt. 15.05.2017

Amount : 350000.00 per year.

(v) WBMAD/MM/NIT - 05e/2017 - 18, Sl. No. 1, Dt. 15.05.2017

Amount : 5180404.00, Fund : MPLADS

(খ) ২৩নং ওয়ার্ডের দঃ বীরেশপল্লী, বিদ্যাসাগর সরনীর বাসিন্দা শ্রী বুদ্ধদেব পাল ও শ্রীমতী অর্চনা পালের আবেদন অনুযায়ী তাদের জমিতে (Holding No. 22) Reliance JIO Infocom Ltd. এর Tower বসানোর অনুমতি দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী প্রল্হাদ দত্ত মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ

(১) টেন্ডার নং MM/WS/Chair/NIT/248/2017-18, dt. 27.04.2017 অনুযায়ী আগামী ১৬.০৫.২০১৭ হতে ছয় মাসের জন্য জল দপ্তরের কাজে ক্ষতিগ্রস্থ রাস্তার পুনঃসংস্কারের কাজ অনুমোদিত হল।

(২) টেন্ডার নং MM/WS/Chair/NIT/430/17-18, dt. 16.05.2017 অনুযায়ী জরুরী ভিত্তিক কিছু আভ্যন্তরীন সংযোগ, পাইপ লাইন স্হানান্তর এবং পরিবর্তন ও কিছু ওয়ার্ডে কিছু পাইপ লাইন নির্মানের কাজ অনুমোদিত হল।

(৩) একটি নতুন Water Cooler Cum Purifier সহ দুইটি Aquaguard ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হল।

(৪) মাননীয়া সাংসদ কাকলী ঘোষ দস্তিদারের আর্থিক আনুকুল্যে সাহারা ব্যানার্জী পাড়া, সাহাড়া ঘোষ পাড়ায় ও বিদ্যাসাগর সরনি থেকে মধ্যমগ্রাম মেইন রোড পর্যন্ত যথাক্রমে ওয়ার্ড নং ২৭ ও ২৩ তে 72W LED লাইটের মাধ্যমে আলোকিতকরণের উদ্দেশ্যে টেন্ডার Ref. No. MM/EL/Chair/NIT/263/17 - 18, dt. 28.04.2017 ও MM/EL/Chair/NIT/516/17-18, dt. 26.05.2017 অনুমোদিত হলো। যার যথাক্রমে 499027.00 টাকা ও 492176.00 টাকা সাংসদ তহবিল থেকে দেওয়া হবে।

(৫) উদয়রাজপুর শিশু উদ্যান পার্ক (ওয়ার্ড নং - ১২) ও পালপাড়া শিশু উদ্যান পার্ক (ওয়ার্ড নং -১০) সৌন্দর্য্যায়নের কাজে Tender No. MM/EL/Chair/NIT/508/17 - 18, dt. 25.05.17 তে Rs. 198070.00 অনুমোদিত হলো যা 14th FC (17-18) থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

(৬) গঙ্গানগর স্কাউট পাড়া, গঙ্গানগর ঘোষ পাড়া ইন্দিরা রাজীব উদ্যান, গঙ্গানগর ২নং কলোনী সুভাষ শিশু উদ্যান ও গঙ্গানগর বন্ধুমহল উদ্যান ওয়ার্ড নং ২৬ এ সৌন্দর্য্যায়নের কাজে Tender No. MM/EL/Chair/NIT/509/17-18, dt. 25.05.2017 তে Rs. 196305.00 অনুমোদিত হলো, যা 14th FC (17-18) থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

(৭) প্রয়োজনের ভিত্তিতে 90W LED Light ক্রয় বাবদ NIT No. MM/EL/Chair/NIT/262/17-18, dt. 28.04.2017 তে 264000.00 অনুমোদিত হলো, যা 3rd SFC (17 - 18) থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী পৌরসভা হাসপাতালের প্রয়োজনে বিভিন্ন দ্রব্যাদি ক্রয়ের জন্য নিম্নলিখিত যে Work Order গুলি দেওয়া হয়েছিল তা Fund সহ অনুমোদিত হলঃ-

(i) MM/Chair/health/NUHM/MED/Order/117/17 - 18, dt. 03.05.2017,
Amount : Rs. 217870.00, Fund : NUHM Fund (2016 - 17)

(ii) MM/Chair/Health/NUHM/MED/Order/117-A/17 - 18, dt. 03.05.2017
Amount : Rs. 109758.00, Fund : NUHM Fund (2016 - 17)

(iii) MM/Chair/Health/NUHM/MED/Order/117 - B/17 - 18, dt. 03.05.2017
Amount : Rs. 75622.00, Fund : NUHM Fund (2016 - 17)

(iv) MM/Chair/HOSP/ORDER/O2/106 - D/17 - 18, dt. 01.04.2017
Amount : Rs. 56517.00, Fund : OWN Fund (2017 - 18)

(খ) জনস্বাস্থ্য দপ্তরের উদ্যোগে আগামী ০৮.০৬.২০১৭ তারিখ বৃহস্পতিবার বেলা ২ টার সময় নজরুল শতবার্ষিকী সদনে সমস্ত ওয়ার্ডের সাফাই কর্মী , ওয়ার্ড সুপার ভাইজার এবং যানবাহন দপ্তরের সাফাইকাজে যুক্ত চালক ও সাফাই কর্মীদের সভা হবে। উক্ত সভায় সকল কাউন্সিলরদের উপস্হিত থাকতে হবে।

(৫) কমার্শিয়াল বিল্ডিং প্ল্যান অনুমোদন বিষয়কঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত কমার্শিয়াল প্ল্যানগুলি অনুমোদিত হলঃ

১৩১, ১৫৭৭, ১৫৫৮

(৬) বিবিধঃ

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) MPLAD র অর্থে চৌমাথা সংলগ্ন অঞ্চলে আন্ডারপাস তৈরীর জন্য চৌমাথা - বাদুরোড সংযোগস্থলের ৭ জন দোকানদারের আবেদন অনুযায়ী তাদের প্রত্যেককে দোকানঘর Shifting র জন্য এককালীন ৬০০০.০০ (ছয়হাজার) টাকা করে সাহায্য করা হবে।সমগ্র ব্যয় পৌরতহবিল হতে বহন করা হবে। এই মুহুর্তে উক্ত দোকানদারদের ৪০০০.০০ (চার হাজার) টাকা করে দেওয়া হবে। বাকীটা পরবর্তী পর্যায়ে দেওয়া হবে।

(২) কালীঘাট স্পোর্টস লাভার্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে "TRIBUTE & TALENT HUNT - 2017" উপলক্ষে যে স্মরনিকা বের হবে তাতে পৌরসভার বিজ্ঞাপন দেওয়া বাবদ যে ৫০,০০০.০০ টাকা ব্যয় হবে তা অনুমোদিত হল।. উক্ত ব্যয় পৌরতহবিল হতে করা হবে।

(৩) পৌরসভার EGOVERNANCE SERVER এর ০১.০৪.২০১৭ হতে ৩০.০৯.২০১৭ পর্যন্ত ANNUAL MAINTENANCE CONTRACT বাবদ HCL SERVICES LIIMITED কে পৌরতহবিল হতে যে ১০৮৫০২.০০ টাকা দেওয়া হয়েছে তা অনুমোদিত হল।

(৪) ভুল তথ্য পরিবেশন করে ৫নং ওয়ার্ডে প্রদীপ ভট্টাচার্য্য ও অন্যান্যের নামে যে Tax Mutation (Holding No. 274/A, Nazrul Islam Sarani)হয়েছে এবং পরবর্তীকালে উক্ত জমিতে প্ল্যান অনুমোদন দেওয়া হয়েছিল তা পুনরায় দপ্তরগত পর্যবেক্ষনে জমাকৃত কাগজপত্র সঠিক প্রমানিত না হওয়ায় প্রদীপ ভট্টাচার্য্য ও অন্যান্যগনকে জমির কাগজ পত্রাদি সহ শুনানির জন্য ডাকা হবে। মাননীয় পৌরপ্রধান ও কার্য্য নির্বাহী আধিকারিককে শুনানি গ্রহণ করে সিদ্ধান্ত নেওয়ার জন্য পৌরবোর্ড সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করল।

(৫) দরপত্র আহ্বান করে নিম্নলিখিত order এর মাধ্যমে যে সমস্ত দ্রব্য ক্রয় করা হয়েছিল তাহা তহবিলসহ অনুমোদিত হল।

(i) MM/2527/Electric/04/2017-18, dt. 29/04/17 Amount :25000.00
Fund : Pro Poor Own 2017 - 18

(ii) MM/2529/Tubewell/03/2017 - 18, dt. 29/04/17 Amount : 31580.00
Fund : ADP (2017 - 18)

(iii) MM/2532/Printing/03/2017-18, dt. 11/05/17 Amount : 211000.00
Fund : Health Contingency (2016 17) - Rs. 200000.00
Health Contingency (2017 18) - Rs. 11000.00

(iv) MM/2533/Printing/04/2017 - 18, dt. 12/05/17 Amount : 104000.00
Fund : Own Fund (Printing) 2017 - 18

(v) MM/2534/Conservancy/01/17-18,dt. 15/05/17 Amount : 285000.00
Fund : Suda/Health/65/PT - vii(14)/284(124), dt. 21/03/17

(vi) MM/2535/Conservancy/02/17-18, dt. 15/05/17 Amount : 45000.00
Fund : Own Fund (2017 - 18) Conservancy

(vii) MM/2537/Stationary/06/2017 - 18, dt. 22/05/17 Amount : 193930.00
Fund : Own Fund (Stationary) 2017 - 18

(viii) MM/2538/Stationary/07/2017 - 18, dt. 22/05/17 Amount : 33896.00
Fund : Own Fund (Stationary) 2017 - 18

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

ধন্যবাদান্তে,

পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ______________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং ________
এর নিকট প্রেরিত হল।